

Q

পাসপোর্ট এবং রেসিডেন্স কার্ড
অবশ্যই সাথে বহন করতে হবে



A

বাইরে বেরনোর সময় অবশ্যই পাসপোর্ট এবং রেসিডেন্স
কার্ড সাথে বহন করুন।

এটি জাপানের আইন দ্বারা নির্ধারিত হয়ে, পুলিশ এ সকল
প্রমাণপত্র দেখতে চাইলে, অবশ্যই তা প্রদর্শন করে,

পুলিশের সাথে সহযোগিতা করুন।

রেসিডেন্ট স্ট্যাটাস দ্বারা নির্ধারিত কর্মকাণ্ডের বাইরে কোন কাজ করা বা
অবস্থানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরেও জাপানে অবস্থান করলে আইন
লঙ্ঘনের জন্য শাস্তি পেতে হবে।

নির্ধারিত নিয়ম মেনে চলে, জাপানে আরামদায়ক জীবন যাপন করুন।

Q

ভূমিকম্পের মত একটি দুর্ঘটনার
সময় আমি কি করব?



A

ভূমিকম্প ইত্যাদি হলে পুলিশ সবার জীবন, শরীরকে
সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে স্থানান্তরের নির্দেশনা প্রদান,
জরুরি ত্রাণ কার্যক্রম এবং উচ্চ স্থান থেকে উদ্ধার
কার্যক্রম ইত্যাদি দুর্ঘটনা-ত্রাণ কার্যক্রম পরিচালনা করবে।

টেলিভিশন এবং রেডিওর তথ্য এবং দুর্ঘটনা প্রতিরোধের সতর্কবাণী
ভালমতে শুনে, শান্তভাবে ব্যবস্থা গ্রহণ করুন।

পুলিশ কর্মকর্তা ও পৌর কর্মকর্তাদের কাছ থেকে যোগাযোগ করা হলে, যে
কোন সময়ে নিরাপদ স্থানে আশ্রয় নেয়ার প্রস্তুতি গ্রহণ করুন।

ট্রেনের মধ্যে, অবশ্যই ক্রুর নির্দেশাবলী এবং নেতৃত্ব অনুযায়ী নিরাপদ
স্থানে আশ্রয় নিন।

বড় ধরনের ভূমিকম্প হলে, রাস্তায় বিশৃঙ্খলা এবং বিপদ প্রতিরোধ করার
জন্য, গাড়ী এবং মোটরসাইকেল ব্যবহার করতে পারবেন না।

নিরাপদ এবং দুর্শ্চিন্তামুক্ত
জীবন

~নিরাপদে বসবাসের



ひょうごけんけいさつ

HYOGO PREFECTURE POLICE

বাংলা

Q

সমস্যায় পড়লে কোন নম্বরে ফোন করব?



A

সমস্যায় পড়লে ফোন করুন।

জরুরি সময়ে কোনও ঘটনা/দুর্ঘটনা ঘটলে অনুগ্রহপূর্বক পুলিশ [১১০] নম্বরে ফোন করুন।

অগ্নিকাণ্ড, অসুস্থতা বা আঘাতের ক্ষেত্রে অনুগ্রহপূর্বক অগ্নিনির্বাপণ [১১৯] নম্বরে ফোন করুন।

Q

কিভাবে পুলিশকে অবহিত বা পুলিশের নিকট রিপোর্ট প্রদান করব?



A

সড়ক দুর্ঘটনা বা অপরাধের শিকার হলে, পুলিশ জরুরী টেলিফোন নম্বরে [১১০ নম্বর] কল করুন। আপনি যদি জাপানী ভাষায় কথা বলতে না পারেন, মৌখিক অনুবাদ কেন্দ্রের মাধ্যমে বিষয়বস্তু সম্পর্কে শোনা হবে।

আবার হারানো বস্তু খুঁজে পেলে, নিকটবর্তী পুলিশ স্টেশন বা পুলিশ বক্সে (KOBAN) তা প্রদান করুন।

উদ্বেগ কিংবা দুশ্চিন্তা ইত্যাদি কোন বিষয় থাকলে দয়া করে পুলিশ পরামর্শ ফোন [# 9110] ব্যবহার করুন।

Q

জাপানের মৌলিক ট্র্যাফিক নিয়ম সম্পর্কে আমাকে বলুন।



A

জাপানের মৌলিক নিয়ম অনুসারে, পথচারীরা রাস্তার ডান দিক, বাইসাইকেল ও গাড়ি রাস্তার বাম দিক ব্যবহার করবে এবং পথচারীদের যাতায়াতে অগ্রাধিকার দেয়া হয়।

পথচারীদের ফুটপাথ দিয়ে হাটার এবং রাস্তা পার হওয়ার সময় কাছের পথচারী পারাপার ব্যবহার করার জন্য অনুরোধ করা হচ্ছে। বাইসাইকেলটা নীতিগতভাবে গাড়ির রাস্তা ব্যবহার করবে। দয়া করে রাস্তার বাম পাশ দিয়ে এক সারিতে সাইকেল চালান।

ফুটপাথ দিয়ে সাইকেল চালানো সম্ভব চিহ্ন থাকলে কিংবা রাস্তা দিয়ে সাইকেল চালানো বিপজ্জনক হলে, ফুটপাথ দিয়ে সাইকেল চালানো যাবে, সেক্ষেত্রে দয়া করে পথচারীদের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করবেন না। রাস্তার ক্রসিং পয়েন্টে ট্র্যাফিক সিগনাল থাকলে, অবশ্যই ট্র্যাফিক সিগন্যাল মেনে চলুন।

আবার মদ পান করে গাড়ি অবশ্যই বাইসাইকেলও চালানো নিষেধ।

ট্র্যাফিক আইন এবং রীতিনীতি মেনে চলে, একটি নিরাপদ এবং আরামদায়ক ট্র্যাফিক সমাজ বাস্তবায়নে দয়া করে সহযোগিতা করুন।